ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০২৮ ● কলকাতা ● ১৫ মাঘ, ১৪৩১ ● বুধবার ● ২৯ জানুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা



'ইমার্জেন্সি'তে বাধা, রেগে আগুন কঙ্গনা, দিলেন হুঙ্কার

৭



ভারতের ব্যাটসম্যানদের সামনে পাকিস্তান পাত্তাই পাবে না : রায়না

৮

# পুলিশের কলার ধরে হুমকি গ্রামবাসীদের, উদ্ধার আগ্নেয়াস্ত্র



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বন্দুক হাতে দুষ্কৃতীদের তাণ্ডবে শোরগোল পড়ল বীরভূমের সিউড়িতে। অভিযোগ, জমি সংক্রান্ত বিবাদ থেকেই অশান্তির সূত্রপাত। মঙ্গলবার সকালে এলাকায় অভিযুক্তেরা বন্দুক হাতে রীতিমতো দাপিয়ে বেড়ান। গুলিও ছোড়া হয়েছে বলে অভিযোগ। তবে গ্রামবাসীরাই অভিযুক্তদের

এরপর ৩ পৃষ্ঠায়

# নেতাদের কাজে খুশি নন তৃণমূল শীর্ষ নেতৃত্ব



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

হাসপাতালে যুবতী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় উত্তাল হয়েছিল রাজ্য রাজনীতি। আন্দোলনের জেরে ঘরে-বাইরে চাপের মুখে পড়েছিল বাংলার শাসক তৃণমূল। তখন দলের 'আদি' চিকিৎসক নেতারা পরিস্থিতির মোকাবিলা করতে ব্যর্থ হয়েছিলেন বলে দলের অন্দরেই অভিযোগ উঠেছিল। সেই 'কঠিন' সময়ে দলের চিকিৎসক নেতারা পারস্পরিক দ্বন্দ্বে জড়িয়ে পড়েছিলেন, যা নিয়ে ব্যক্তিগত মহলে ক্ষোভপ্রকাশ করেছিলেন দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সী। ঘটনাচক্রে, বালির বিধায়ক তথা শিশু চিকিৎসক রানার সন্ধান এনে দিয়েছিলেন প্রশান্ত কিশোর। তাঁর সঙ্গে কথা বলেই ২০২১ সালের বিধানসভা নির্বাচনের আগে তৃণমূলে যোগ দিয়েছিলেন রানা। বালির তৎকালীন তৃণমূল বিধায়ক বৈশালী ডালমিয়া বিজেপিতে যোগ দিলে রানাকে প্রার্থী করার বিষয়ে তৃণমূল নেতৃত্বকে রাজি করিয়েছিলেন প্রশান্তই। সোমবার নতুন সংগঠন ঘোষণার সাংবাদিক বৈঠকে শশীর পাশেই দেখা গিয়েছে রানাকে। তাঁকে সংগঠনের সহ-সভাপতি করা হয়েছে। তবে নিজের নতুন দায়িত্ব প্রসঙ্গে কোনও মন্তব্য করতে চাননি বালির বিধায়ক। রানার মতোই বসিরহাট দক্ষিণের বিধায়ক

এরপর ৫ পাতায়







# হরিপালের শ্রীপতিপুর ইলিপুর গ্রাম পঞ্চায়েতে দুয়ারে সরকার শিবিরে বার্ধক্য ভাতার আবেদন পত্র জমা লক্ষ্য করার মত



**বলাইচাঁদ মুখোপাধ্যায়, হরিপাল, হুগলি**

রাজ্য সরকারের নবম পর্যায়ের দুয়ারে সরকার শিবির ইতিমধ্যেই শুরু হয়েছে। শিবির গুলিতে মানুষের ঢল লক্ষ্য করার মতো। সারা রাজ্যের সঙ্গে হরিপাল ব্লকের ও বিভিন্ন গ্রাম পঞ্চায়েতগুলিতে দুয়ারে সরকার শিবির চলছে। রাজ্য সরকারের ৩৭ টি প্রকল্পের সুবিধা পেতে সাধারণ মানুষ দুয়ারে সরকার শিবিরে ভিড় জমাচ্ছেন। আজ হরিপাল ব্লকের শ্রীপতিপুর ইলিপুর গ্রাম পঞ্চায়েতে এই দুয়ারে সরকার শিবিরে গ্রাম পঞ্চায়েতের প্রধান অর্চনা কোলে বার্ধক্য ভাতার আবেদনে আয়ের শংসাপত্র দিতে টেবিল চেয়ার নিয়ে নিজেই বসে পড়েছেন। তিনি জানালেন বহু মানুষ বার্ধক্য ভাতার আবেদন জমা দিতে তৎপর আজকে এই শিবিরে সর্বাধিক ৪২৩ জন উপভোক্তা বার্ধক্য ভাতার আবেদন পত্র জমা দেন। শুধু তাই নয় বিধবা ভাতা লক্ষ্মীর ভান্ডার খাদ্য সাথী তপশিলি জাতিদের শংসাপত্র স্বাস্থ্য সাথী সামাজিক সুরক্ষা কৃষক বন্ধু বিদ্যুৎ সংযোগ মানবিক সহ বিভিন্ন প্রকল্পে মানুষ আবেদন পত্র জমা করেন। সাথে সাথে পঞ্চায়েত ট্যাক্স প্রদানেও মানুষ স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে এসেছেন উক্ত পঞ্চায়েতের কর আদায়কারী জানান মানুষ পরিষেবা পাচ্ছেন তাই ট্যাক্স প্রদানে তারা যথেষ্ট আগ্রহী। শিবিরের দায়িত্বে থাকা শ্রম আধিকারিক সৈকত পোদ্দার জানান মানুষ হাতের কাছে পরিষেবা পাওয়ার জন্য যথেষ্ট খুশি। তারা এই প্রকার শিবির আরো কয়েকটি করার জন্য অনুরোধ রেখেছেন। তিনি জানান রাজ্য সরকারের আরেকটি জনপ্রিয় প্রকল্প সামাজিক সুরক্ষা, এই প্রকল্পে মানুষের সাড়া মিলছে ব্যাপকভাবে তিনি বলেন আজকের এই দুয়ারে সরকার শিবিরে প্রায় ১৯৪৪ জন উপভোক্তা সামাজিক সুরক্ষা প্রকল্পে আবেদন জমা করেন। জানা গেছে আজকের এই শিবিরে স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা ব্যবসায়ে উৎসাহিত হয়ে প্রায় ১৪ জন ঋণের জন্য আবেদন জানান। শিবিরের শেষে রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের শিল্পীরা সংগীত পরিবেশন করেন।

## শাস্তি পেয়েছে সঞ্জয়, এবার পালা সন্দীপের? বড় নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আরজি করে চিকিৎসককে ধর্ষণ এবং খুনের ঘটনায় আমৃত্যু কারাবাসের শাস্তি হয়েছে সঞ্জয় রাইয়ের। এবার আরজি কর দুর্নীতি মামলায় অভিযুক্ত হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরুর জন্য নিম্ন আদালতকে নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। সন্দীপ ঘোষের বিচার প্রক্রিয়া শুরুর অনুমোদন দিয়েছে রাজ্য সরকারও।আজই আরজি কর দুর্নীতি মামলার তদন্তের অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট মুখবন্ধ খামে বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে জমা দেয় সিবিআই। গত বছর ২৩ আগস্ট হাইকোর্টের নির্দেশে আরজি

এরপর ৪ পাতায়

# অসহায়তার সুযোগ নিয়ে কথা বলানো হচ্ছে', নির্যাতিতার পরিবারকে নিয়ে দাবি প্রতিবেশী 'কাকু'র

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**বারাকপুর:** 'সরকার, স্থানীয় বিধায়ক বা কাউন্সিলর, কারোর সঙ্গে আলোচনা করে কিছু করিনি। আমাকে কেউ প্ররোচিত করেনি।' প্রতিবেশী কাকু সঞ্জীব মুখোপাধ্যায়ের বিরুদ্ধে সম্প্রতি আর জি করে নির্যাতিতার মা-বাবার সরব হওয়া নিয়ে সোমবার ক্ষোভ উগড়ে দিলেন তিনি। বললেন, 'তদন্তের স্বার্থে এতদিন মুখ খুলিনি।

যদিও এদিন ফের এনিয়ে সরব হয়ে তরুণী চিকিৎসকের বাবা জানিয়েছেন, "উনি (সঞ্জীব মুখোপাধ্যায়) জানেন কী কী সিদ্ধান্ত নেওয়া উচিত, তাই গাইড করার জন্যই ওঁকে ডেকে নিয়ে গিয়েছিলাম। কিন্তু গাইড করার বদলে আমার



যাতে ক্ষতি হয়, সেগুলি করেছে। ভুল পথে চালিত করেছে।" এনিয়ে প্রতিবেশী সঞ্জীব মুখোপাধ্যায়ের জবাব, "এই ধরনের কোনো হত্যার সম্মুখীন হওয়ার পূর্ব অভিজ্ঞতা আমার ছিল না বা আমি আইনজীবীও নই। নিজের বিচারবুদ্ধিতে যতটুকু করা যায় করেছিলাম।" তদন্তের স্বার্থে আদালতে যতবার যেতে হবে জানিয়ে ফের নিজের সপক্ষে তাঁর সংযোজন, "সেদিন পুলিশের সঙ্গে আমার ঝগড়ার ভিডিও রয়েছে। যদি তাই হত আমি কেন ঝগড়া করতে যাব! আমার ফোন দুটি তো সিবিআই নিয়েছিল। তদন্তে কারোর সঙ্গে কথোপকথন, নির্দেশ সেই রকম কিছু তো পাইনি। তারপরেও আমার বিরুদ্ধে যে সমস্ত অপপ্রচার হচ্ছে, বলবো আমার যদি কোনো অপরাধ থাকে তাহলে সেটা তদন্ত করে বার করে আমাকে সাজা দেওয়া হোক। কিন্তু এভাবে যেন বিভ্রান্তি না ছড়ানো হয়।"কিন্তু যে কথাগুলি বলা হচ্ছে তাতে মনে হচ্ছে সঞ্জয় নয় সঞ্জীব অপরাধী। রাস্তাঘাটে বেরতে পারছি না, আমার সামাজিক জীবন নষ্ট করে দেওয়া হচ্ছে। তাই নীরব না থেকে সত্যিটা সামনে আনা উচিত বলে মনে

এরপর ৩ পাতায়






(১ম পাতার পর)

# পুলিশের কলার ধরে হুমকি গ্রামবাসীদের, উদ্ধার আগ্নেয়াস্ত্র

ধরে বেঁধে ফেলেন।ঘটনা প্রসঙ্গে বীরভূমের তৃণমূলের জেলা পরিষদের সভাধিপতি কাজল শেখ বলেন, "আমরা খোঁজ নিয়ে দেখেছি। জমি সংক্রান্ত বিষয় নিয়ে পারিবারিক বিবাদ। এর সঙ্গে রাজনীতির কোনও যোগ নেই। পুলিশ অতি সক্রিয়তার সঙ্গে ঘটনার মোকাবিলা করছে। আমরা দলগত ভাবে পুলিশ-প্রশাসনকে জানিয়েছি অভিযুক্তদের রাজনৈতিক রং না দেখে ব্যবস্থা নিতে।" কোথা থেকে দুষ্কৃতীদের হাতে বন্দুক এল, তা নিয়ে ইতিমধ্যেই প্রশ্ন উঠতে শুরু করেছে। সেই প্রসঙ্গে কাজল বলেন, "ঝাড়খণ্ড থেকে আগ্নেয়াস্ত্র পাঠানো হয় বীরভূমকে উত্তপ্ত করার জন্য। দেখতে হবে এই আগ্নেয়াস্ত্র কোথা থেকে এসেছে।"তাঁদের হাতে ছিল বন্দুক। তা উঁচিয়েই গ্রামবাসীদের শাসাতে থাকেন অভিযুক্তেরা। শূন্যে গুলিও ছোড়া হয়। তবে গ্রামবাসীরাই কৌশলে তাঁদের ধরে ফেলেন। তার পর বেঁধে মারধর করেন অভিযুক্তদের। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় সিউড়ি থানার পুলিশ।

ঘটনাস্থলে পুলিশ পৌঁছতেই ক্ষোভে ফেটে পড়েন গ্রামবাসীরা। পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখান তাঁরা। পরিস্থিতি ক্রমশ ঘোরালো হয়ে ওঠে। সামাল দিতে পুলিশ লাঠিচার্জ শুরু করে। ধরপাকড়ও করেন। ঘটনাস্থলে যান সিউড়ি থানার আইসি। অভিযোগ, সে সময় তাঁর কলার ধরে হুমকিও দেওয়া হয়। পুলিশ এখনও পর্যন্ত ছ'জনকে আটক করে থানায় নিয়ে গিয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, গণপিটুনিতে এক যুবক গুরুতর আহত হন। তাঁকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করানো হয়েছে। পাশাপাশি, এলাকা থেকে আগ্নেয়াস্ত্র এবং বুলেট উদ্ধার করেছে পুলিশ। গ্রামবাসীদের অভিযোগ, দীর্ঘ দিন ধরে ওই এলাকায় একটি জমি নিয়ে বিবাদ চলছিল। মঙ্গলবার সেই বিবাদ চরমে ওঠে। বন্দুক নিয়ে দুষ্কৃতীরা গ্রামে ঢুকে পড়ে। গ্রামবাসীদের আশঙ্কা, দিনের বেলায় যদি এমন ঘটনা ঘটতে পারে, তবে রাতে কী হবে? সুরক্ষা কোথায়?

(২ পাতার পর)

# অসহায়তার সুযোগ নিয়ে কথা বলানো হচ্ছে', নির্যাতিতার পরিবারকে নিয়ে দাবি প্রতিবেশী 'কাকু'র

করেই বলছি, দীর্ঘদিন ধরে আমি পরিবারকে চিনি-জানি। ওদের অসহায় করুণ অবস্থার সুযোগ নিয়ে এই কথাগুলি বলানো হচ্ছে।"এরপরই মর্মান্তিক ঘটনার দিনের বিবরণ তুলে ধরে তিনি জানান, হাসপাতালে যা হয়েছে পরিবার, আন্দোলনকারী চিকিৎসক সকলকে সঙ্গে নিয়েই হয়েছে। সেদিন হাসপাতালে একের পর এক যে কটা দাবি করা হয়েছিল সব কটি প্রশাসন মেনে নিয়েছিল। আন্দোলনকারী ছাত্রছাত্রীদের দাবি মেনেই ময়নাতদন্ত হয়েছে। আন্দোলনকারী পড়ুয়াদের সম্মতিতেই মর্গ থেকে দেহ বেরিয়েছে। তাঁর কথায়, "যে এফআইআরের ভিত্তিতে কেস হয়েছে সেটা আমার হাতের লেখা। তাতে আমিই লিখেছিলাম, নিষ্ঠুরভাবে নির্যাতন করে এই ঘটনা ঘটানো হয়েছে। এই এফআইআর করতেও তো কেউ বাধা দেয়নি।"তড়িঘড়ি সৎকারের অভিযোগ প্রসঙ্গেও এদিন খোলামেলা উত্তর দেন সঞ্জীববাবু। বলেন, "মৃতদেহ পাড়ায় আসার পর দেড় দু'ঘণ্টা রাস্তায় ছিল। ঘরে নিয়ে যাওয়ার পরে চল্লিশ মিনিটের বেশি সময় ছিল। তখনই তো পরিবার দরজা বন্ধ করে দিয়ে বলতে পারত দেহ সৎকার করতে দেব না। মা-বাবা বা কোনো আত্মীয় আমাকে তো বলেইনি, অন্য কাউকেও দেহ সংরক্ষণ করবে বলেছে বলেও শুনিনি। টালা থানার বিরুদ্ধে অভিযোগ তুলেছেন, তাহলে দেহ আসার পরে তো ঘোলা থানায় সৎকার করতে চায় না বলে জানাতে পারত। বাড়ির সামনেও তো তখন অন্য কেউ বা কোনো রাজনৈতিক দল এ নিয়ে বিক্ষোভও দেখায়নি।"

# লালা লাজপত রাইকে তাঁর জন্মবার্ষিকীতে লোকসভার অধ্যক্ষ শ্রী ওম বিড়লার শ্রদ্ধা নিবেদন

**নয়াদিল্লি, ২৮ জানুয়ারি, ২০২৫**

লোকসভার অধ্যক্ষ শ্রী ওম বিড়লা আজ সংবিধান সদনের সেন্ট্রাল হল-এ 'পাঞ্জাব কেশরী' লালা লাজপত রাইকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন করেছেন। তিনি 'পাঞ্জাব কেশরী'র প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যসভার বিরোধী দলনেতা শ্রী মল্লিকার্জুন খাড়গে, রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান শ্রী হরিবংশ, সাংসদরা এবং লোকসভার সেক্রেটারি জেনারেল শ্রী উৎপল কুমার সিং সহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন। তাঁরা সকলে লালা লাজপত রাই-এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন।

'পাঞ্জাব কেশরী'র জীবন সম্বলিত একটি পুস্তিকা লোকসভার সচিবালয়ের পক্ষ থেকে উপস্থিত সকলের হাতে তুলে দেওয়া হয়। এই পুস্তিকাটি ইংরেজি এবং হিন্দি – দুটি ভাষায় রচিত হয়েছে। ১৯৫৬ সালের ১৭ নভেম্বর তদানিন্তন প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরু লালা লাজপত রাই-এর এই প্রতিকৃতির আবরণ উন্মোচন করেন।

# মোদির সঙ্গে ফোনালাপের পর যা বললেন ট্রাম্প



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে ফোনে কথা বলেছেন নতুন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

দ্বিতীয়বার ক্ষমতা গ্রহণের এক সপ্তাহ পর সোমবার মোদির সঙ্গে টেলিফোনে কথা বললেন তিনি।

এ বিষয়ে ভারতের প্রধানমন্ত্রীর বক্তব্যের পর এবার মুখ খুললেন ট্রাম্পও।

ভারতীয় সংবাদমাধ্যম জানিয়েছে, সোমবার এই দুই নেতার মধ্যে ফোনালাপ হয়। পরে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ফেব্রুয়ারিতে তার সঙ্গে বৈঠকের জন্য হোয়াইট হাউসে আসতে পারেন।

স্থানীয় সময় সোমবার ফ্লোরিডা থেকে জয়েন্ট বেস অ্যান্ড্রুসে ফেরার পথে এয়ার ফোর্স ওয়ানে চড়ে সাংবাদিকদের এ কথা বলেন ট্রাম্প। মার্কিন প্রেসিডেন্ট বলেন, সোমবার সকালে মোদি সঙ্গে আমার অনেকক্ষণ কথা হয়েছে। সম্ভবত আগামী মাসে, ফেব্রুয়ারিতে তিনি হোয়াইট হাউসে আসতে যাচ্ছেন। ভারতের সঙ্গে আমাদের খুব ভালো সম্পর্ক রয়েছে।

নরেন্দ্র মোদির সঙ্গে ফোনালাপের বিষয়ে এক প্রশ্নের জবাবে তিনি আরও বলেন, আলোচনায় সবকিছু উঠে এসেছে (মোদির সাথে ফোনালাপে)।

এর আগে, নয়াদিল্লি ওয়াশিংটনের সঙ্গে 'পারস্পরিকভাবে লাভজনক এবং বিশ্বস্ত অংশীদারিত্বের' প্রতি প্রতিশ্রুতিবদ্ধ বলে জানান মোদি।

পরে এক্সে (সাবেক টুইটার) দেওয়া এক পোস্টে ভারতের প্রধানমন্ত্রী বলেন, প্রিয় বন্ধু প্রেসিডেন্ট ট্রাম্পের সাথে কথা বলে আমি আনন্দিত। তার ঐতিহাসিক দ্বিতীয় মেয়াদের জন্য তাকে অভিনন্দন জানাই। আমরা একটি পারস্পরিক লাভজনক এবং বিশ্বস্ত অংশীদারিত্বের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আমাদের জনগণের কল্যাণে এবং বিশ্ব শান্তি, সমৃদ্ধি ও নিরাপত্তার জন্য একসঙ্গে কাজ করব।

# সম্পাদকীয়

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ভুবনেশ্বরে ‘উৎকর্ষ ওড়িশা’ – মেক ইন ওড়িশা কনক্লেভ, ২০২৫-এর উদ্বোধন করেছেন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ওড়িশার ভুবনেশ্বরে উৎকর্ষ ওড়িশা – মেক ইন ওড়িশা কনক্লেভ, ২০২৫-এর উদ্বোধন করেন। তিনি এই উপলক্ষে একটি প্রদর্শনীরও সূচনা করেন। অনুষ্ঠানে শ্রী মোদী বলেন, এ বছরের জানুয়ারি মাসে এটি তাঁর দ্বিতীয় ওড়িশা সফর। এর আগে তিনি প্রবাসী ভারতীয় দিবস, ২০২৫-এর উদ্বোধন করতে এই রাজ্যে এসেছিলেন। ওড়িশায় এটি সবথেকে বড় বাণিজ্য সম্মেলন বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এই সম্মেলনে অতীতের সম্মেলনগুলির থেকে ৫-৬ গুণ বেশি বিনিয়োগকারী যোগদান করেছেন। এই অনুষ্ঠান আয়োজন করার জন্য তিনি ওড়িশার জনসাধারণ এবং সরকারকে অভিনন্দন জানান।

শ্রী মোদী বলেন, পূর্ব ভারত হল উন্নয়নের চালিকাশক্তি। এক্ষেত্রে ওড়িশা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ঐতিহাসিক তথ্য অনুসারে, অতীতে দেশের উন্নয়নে পূর্ব ভারতের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। এই অঞ্চলে বৃহৎ শিল্পকেন্দ্র, বন্দর এবং বাণিজ্য কেন্দ্রের নিদর্শন মেলে। “দক্ষিণ-পূর্ব এশিয়ার সঙ্গে ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে ওড়িশা গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে পরিচিত ছিল। এই রাজ্যের বন্দরগুলি ভারতের প্রবেশপথ হিসেবে বিবেচিত হত।” ওড়িশায় আজও বালি যাত্রা উদযাপিত হয়। এই প্রসঙ্গে তিনি ভারতে ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতির সফরের বিষয়টি উল্লেখ করেন। রাষ্ট্রপতি বলেন, তাঁর ডিএনএ-র মধ্যে হয়তো ওড়িশা মিশে রয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, একবিংশ শতাব্দীতে ওড়িশা আবারও গৌরবোজ্জ্বল ইতিহাসকে পুনরুদ্ধার করতে শুরু করেছে। সিঙ্গাপুরের রাষ্ট্রপতির ওড়িশা সফরের প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, এই রাজ্যের সঙ্গে সম্পর্ক গড়ে তুলতে সিঙ্গাপুর আগ্রহী। আসিয়ান গোষ্ঠীভুক্ত দেশগুলি ওড়িশার সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও চিরাচরিত সম্পর্ককে আরও শক্তিশালী করতে আগ্রহ প্রকাশ করেছে। এই অঞ্চলে প্রচুর সুযোগ সৃষ্টি হয়েছে, যা স্বাধীনতার আগেও ছিল না। অনুষ্ঠানে উপস্থিত বিনিয়োগকারীদের তিনি বলেন, ওড়িশার উন্নয়ন যাত্রায় শরিক হওয়ার এটিই আদর্শ সময়। এই রাজ্যে বিনিয়োগ করলে তাঁরা সফল হবেন বলে তিনি আশ্বস্ত করেন।

শ্রী মোদী বলেন, “কোটি কোটি মানুষের উচ্চাকাঙ্ক্ষা বাস্তবায়নের জন্য ভারত উন্নয়নের পথ অনুসরণ করছে।” বর্তমানে এআই-এর অর্থ কৃত্রিম মেধা (আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স) ছাড়াও ভারতের উচ্চাকাঙ্ক্ষা (অ্যাসপিরেশন অফ ইন্ডিয়া) বলে তিনি উল্লেখ করেন। মানুষের চাহিদা যখন পূরণ হয়, তখন তাঁর আকাঙ্ক্ষা আরও বৃদ্ধি পায়। ওড়িশা এই উচ্চাকাঙ্ক্ষার প্রতিনিধিত্ব করে। নতুন ভারতের আশা-আকাঙ্ক্ষার প্রতীক ওড়িশা। এই রাজ্যের বিভিন্ন ক্ষেত্রে প্রচুর সুযোগ রয়েছে। রাজ্যের মানুষ জানেন কিভাবে সঠিক কাজ করতে হয়। এই প্রসঙ্গে তিনি গুজরাটে ওড়িশা রাজ্যের নাগরিকদের দক্ষতা, কঠোর পরিশ্রম ও সততার অভিজ্ঞতার কথা জানান। রাজ্যের মুখ্যমন্ত্রী শ্রী মোহন চরণ মাঁঝি এবং তাঁর দলের সদস্যদের উদ্যোগের প্রশংসা করেন তিনি। খাদ্য প্রক্রিয়াকরণ, পেট্রোকেম, বন্দরের মাধ্যমে উন্নয়ন, মৎস্যচাষ, তথ্যপ্রযুক্তি, শিক্ষা ও প্রযুক্তি, বস্ত্রশিল্প, পর্যটন শিল্প, খনি শিল্প এবং পরিবেশ-বান্ধব জ্বালানি প্রসঙ্গে ওড়িশা দেশকে পথ দেখাচ্ছে বলে মন্তব্য করেন শ্রী মোদী।

প্রধানমন্ত্রী বলেন, বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতি হিসেবে আত্মপ্রকাশ করতে ভারত দ্রুত এগিয়ে চলেছে। সেদিন আর বেশি দেরি নেই যখন দেশ ৫ লক্ষ কোটি মার্কিন ডলারের অর্থনীতিতে পরিণত হবে। কাঁচামাল রপ্তানির মাধ্যমে কোনো দেশের দ্রুত উন্নয়ন হয় না। তাই, সংশ্লিষ্ট ব্যবস্থার পরিবর্তন ঘটানোর প্রয়োজন। এতদিন ভারত শুধুমাত্র খনিজ পদার্থ উত্তোলন করে সেগুলির সাহায্যে বিভিন্ন সামগ্রী উৎপাদনের জন্য বিদেশে রপ্তানি করত। বর্তমানে, সমুদ্রজাত খাদ্যের প্রক্রিয়াকরণ এবং সেগুলি রপ্তানির বিষয়েও নতুন নতুন উদ্যোগ দেখা দিচ্ছে। ওড়িশার সম্পদকে কাজে লাগানোর জন্য সরকার রাজ্যে নতুন নতুন শিল্প স্থাপনে উদ্যোগী হয়েছে। ‘উৎকর্ষ ওড়িশা কনক্লেভ, ২০২৫’ সেই লক্ষ্য পূরণে গুরুত্বপূর্ণ এক পদক্ষেপ।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(বাইশতম পর্ব)



কামদেব ব্রহ্মচারী, ভুবনেশ্বর চক্রবর্তী, মহারাজ প্রতাপাদিত্যের সমসাময়িক ছিলেন। প্রতাপাদিত্য সব সময় যুদ্ধ বিগ্রহে ব্যস্ত থাকায় কালীক্ষেত্র সম্বন্ধে বিশেষ মনোযোগ দিতে পারেন নি। কিন্তু তাঁর কাকা রাজা বসন্ত রায় পরম বৈষনব হয়েও কালীর সেবা ও নিত্যপূজার জন্য তাঁর গুরুদেব ভুবনেশ্বর ব্রহ্মচারী কে কালীঘাটে পাঠালেন।

এই সময় (১৫৫০ খৃষ্টাব্দ) কালীঘাট অতি সামান্য অবস্থায় ছিল। রাজা বসন্ত রায় কালীর পর্ণ কুটির ভেঙ্গে একটি ছোট মন্দির প্রতিষ্ঠা করে দিলেন। এখানে কোন আর ইঁটের পাকা

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

## শাস্তি পেয়েছে সঞ্জয়, এবার পালা সন্দীপের? বড় নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট

করের দুর্নীতি মামলার তদন্ত হাতে নেয় সিবিআই। পরে সুপ্রিম কোর্ট তাতে সিলমোহর দেয়। গত বছর ২৯ নভেম্বর চার্জশিট জমা দিয়েছে সিবিআই।

সব পক্ষের বক্তব্য শুনে বিচারপতি তীর্থঙ্কর ঘোষ জানান, 'এই মুহূর্তে এই আদালতের অনুমতি মামলায় আর কিছু করার নেই। নিম্ন আদালতকে আগামী এক সপ্তাহের মধ্যে বিচার প্রক্রিয়া শুরু করে যত দ্রুত সম্ভব বিচার শেষ করতে হবে।'আরজি কর দুর্নীতি মামলায় গত বছরের ২৯ নভেম্বর চার্জশিট জমা করেছিল সিবিআই। এ দিন সন্দীপ ঘোষের বিরুদ্ধে ৭ দিনে চার্জফ্রেম করার নির্দেশ দিয়েছেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ।

আরজি কর কাণ্ডের পর দুর্নীতি মামলাতেই প্রথম গ্রেফতার হন সন্দীপ ঘোষ। পরে তাঁকে আরজি কর ধর্ষণ এবং খুন মামলাতেও গ্রেফতার করে সিবিআই। পরে ওই মামলায় তিনি এবং টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মণ্ডল জামিনও পান। কিন্তু আরজি কর দুর্নীতি মামলায় জামিন না পাওয়ায় এখনও জেলেই রয়েছেন সন্দীপ ঘোষ।এ দিন হাইকোর্টে ইডি-র আইনজীবী অরিজিৎ চক্রবর্তী জানিয়েছেন, আরজি করের প্রাক্তন ডেপুটি সুপার আক্তার আলির দায়ের করা আর্থিক দুর্নীতির মামলায় শুরু হওয়া সিবিআই তদন্ত এখন শেষ পর্যায়ে রয়েছে। এবার ইডি ওই মামলায় ইসিআইআর দায়ের করে তদন্ত শুরু করেছে। সহকারী সলিসিটর জেনারেল অশোক চক্রবর্তী জানান, সুপ্রিম কোর্টে আরজি করের খুন ধর্ষণ মামলার সঙ্গেই এই দুর্নীতির মামলাও চলছে।

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

আমার কলমে আপনাদের সামনে তুলে ধরছি।বাংলা এমনিতেই বৈদিক-ব্রাহ্মণ্য পরিমণ্ডলের বাইরের দেশ ছিল। পালযুগের বাংলায় বৌদ্ধদের রমরমা, এমনকী বৌদ্ধ তন্ত্রেরও পীঠস্থান এই পূর্ব ভারত। তবে এরই মধ্যে পাল আমলের শেষ দিক থেকে সেন আমল জুড়ে

ক্রমশঃ


• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(১ম পাতার পর)

# নেতাদের কাজে খুশি নন তৃণমূল শীর্ষ নেতৃত্ব

চক্ষু বিশেষজ্ঞ সপ্তর্ষিকেও খুঁজে বার করেছিলেন তৎকালীন আইপ্যাক প্রধান প্রশান্তই। তাঁর সংস্থা একেবারে নিচুতলায় সমীক্ষা করে ফুটবলার বিধায়ক দীপেন্দু বিশ্বাসের বদলে তাঁকে বসিরহাট দক্ষিণে তৃণমূল প্রার্থী হিসেবে মনোনয়ন দেওয়ার সুপারিশ করেছিল। নতুন সংগঠনে জায়গা পেয়েছেন তিনিও। তাঁকে কার্যনির্বাহী কমিটির সদস্য করা হয়েছে।তখন থেকেই চিকিৎসক ও স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে নতুন সংগঠন তৈরির সিদ্ধান্ত নেন তৃণমূলের শীর্ষ নেতৃত্ব। সিদ্ধান্ত হয়, আর পুরনোদের ওপর আস্থা নয়, নতুন চিকিৎসক নেতাদের তুলে আনতে হবে সংগঠনের নেতৃত্বে। বর্তমানে তৃণমূলে ১৪ জন চিকিৎসক-বিধায়ক রয়েছেন। তাঁদের মধ্যে বাছাই তিন জনকে চিহ্নিত করেছেন শীর্ষ নেতৃত্ব।আরজি কর সঙ্কটের সময়ে দলের চিকিৎসক সংগঠনের নেতারা যেমন সাংগঠনিক ভাবে ব্যর্থ হয়েছিলেন, তেমনই পারস্পরিক দ্বন্দ্বে জড়িয়ে প্রকাশ্যে দলকে অস্বস্তিতেও ফেলেছিলেন। তাই নির্মলকে নতুন সংগঠনে জায়গা দেওয়া হলেও তাঁকে সে ভাবে 'গুরুত্ব' দেওয়া হচ্ছে না। সে কথা সম্যক বুঝেই সোমবার সাংবাদিক বৈঠকেও হাজির হননি তৃণমূলের এই চিকিৎসক-বিধায়ক। সুদীপ্ত-কাশেমদের ক্ষেত্রেও একই ঘটনা ঘটেছে। আপাতত পুরনো চিকিৎসক নেতাদের সরিয়ে তৃণমূল নতুন চিকিৎসকদের সংগঠনে এগিয়ে দিতে চাইছে। এমন তিন জনকে বাছা হয়েছে, যাঁরা নিজেদের কর্মক্ষেত্রে যেমন কৃতী, তেমনই তাঁদের ভাবমূর্তিও স্বচ্ছ। চিকিৎসক হয়েও যিনি চিকিৎসক সংগঠনের সঙ্গে নিজেকে যুক্ত না রেখে দল ও সরকারকে সময় দিয়েছেন, শ্যামপুকুরের সেই বিধায়ক তথা রাজ্যের মন্ত্রী শশী পাঁজাকেই নতুন চিকিৎসক নেতা তৈরির দায়িত্ব দেওয়া হয়েছে বলে তৃণমূল সূত্রে খবর।

সোমবার 'প্রগ্রেসিভ হেল্‌থ অ্যাসোসিয়েশন' নামে নতুন সংগঠনের কথা ঘোষণা করেছেন শশী। সংগঠনের নতুন কমিটিও ঘোষণা করেছেন তিনি। সংগঠনে রয়েছেন তৃণমূলের সাত জনপ্রতিনিধি। যাঁদের মধ্যে নতুন তিন জন। তাঁরা হলেন বালির বিধায়ক রানা চট্টোপাধ্যায়, বসিরহাট দক্ষিণের বিধায়ক সপ্তর্ষি বন্দ্যোপাধ্যায় এবং গোপীবল্লভপুরের বিধায়ক খগেন মাহাতো। তিন জনের মধ্যে গোপীবল্লভপুরের খগেন গত ২৫ বছর ধরে তৃণমূলের সঙ্গে যুক্ত। বাম জমানাতেও জঙ্গলমহলে তৃণমূলের চিকিৎসক নেতা হিসেবে পরিচিত ছিলেন তিনি। তবে কখনওই সে ভাবে সামনে আসেননি। ঝাড়গ্রামের প্রাক্তন তৃণমূল সাংসদ তথা চিকিৎসক উমা সোরেনের হাত ধরে দলের চিকিৎসক সংগঠনের সঙ্গে যুক্ত হন। তবে ২০২১ সালে গোপীবল্লভপুরের বিধায়ক চূড়ামণি মাহাতোর বদলে নতুন প্রার্থীর সন্ধান হলে টিকিট পান খগেন। তাঁকে নতুন সংগঠনের সহকারী সম্পাদক করা হয়েছে। খগেন বলেছেন, ''নীরবে গত ২৫ বছর ধরে দল করেছি। দল যখন যে দায়িত্ব দিয়েছে, তা পালন করেছি। নতুন সংগঠনেও আমায় যা কাজ দেওয়া হবে, আমি করার চেষ্টা করব।''ঘটনাচক্রে, বালির বিধায়ক তথা শিশু চিকিৎসক রানার সন্ধান এনে দিয়েছিলেন প্রশান্ত কিশোর। তাঁর সঙ্গে কথা বলেই ২০২১ সালের বিধানসভা নির্বাচনের আগে তৃণমূলে যোগ দিয়েছিলেন রানা। বালির তৎকালীন তৃণমূল বিধায়ক বৈশালী ডালমিয়া বিজেপিতে যোগ দিলে রানাকে প্রার্থী করার বিষয়ে তৃণমূল নেতৃত্বকে রাজি করিয়েছিলেন প্রশান্তই। সোমবার নতুন সংগঠন ঘোষণার সাংবাদিক বৈঠকে শশীর পাশেই দেখা গিয়েছে রানাকে। তাঁকে সংগঠনের সহ-সভাপতি করা হয়েছে। তবে নিজের নতুন দায়িত্ব প্রসঙ্গে কোনও মন্তব্য করতে চাননি বালির বিধায়ক। রানার মতোই বসিরহাট দক্ষিণের বিধায়ক চক্ষু বিশেষজ্ঞ সপ্তর্ষিকেও খুঁজে বার করেছিলেন তৎকালীন আইপ্যাক প্রধান প্রশান্তই। তাঁর সংস্থা একেবারে নিচুতলায় সমীক্ষা করে ফুটবলার বিধায়ক দীপেন্দু বিশ্বাসের বদলে তাঁকে বসিরহাট দক্ষিণে তৃণমূল প্রার্থী হিসেবে মনোনয়ন দেওয়ার সুপারিশ করেছিল। নতুন সংগঠনে জায়গা পেয়েছেন তিনিও। তাঁকে কার্যনির্বাহী কমিটির সদস্য করা হয়েছে।

## সার্কেল স্পোর্টস (2025)



ছবি ও সংবাদ
পশ্চিম মেদিনীপুর থেকে অরবিন্দ অধিকারী

পশ্চিম মেদিনীপুর জেলার শালবনী ব্লকের সদর উত্তর চক্রের সার্কেল স্পোর্টস মহা সমারোহে অনুষ্ঠিত হল। উপস্থিত ছিলেন মাননীয় অবর বিদ্যালয় পরিদর্শক সৌভিক জানা, বিধায়ক সুজয় হাজরা এবং অন্যান্য ব্যক্তিবর্গ।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# মার্কিন যুক্তরাষ্ট্রের পরে এবার মোল্লা মুহাম্মদ ইউনূসের সরকারকে জোর ধাক্কা দিল চিন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



মার্কিন যুক্তরাষ্ট্রের পরে এবার মোল্লা মুহাম্মদ ইউনূসের সরকারকে জোর ধাক্কা দিল চিন। বাংলাদেশ থেকে ভেড়া, ছাগল-সহ গবাদি পশুর মাংস ও মাংজাত পণ্য আমদানির উপরে নিষেধাজ্ঞা জারি করল। ওই নিষেধাজ্ঞা জারির ফলে ব্যাপক অর্থনেতিক সঙ্কটের মুখে পড়তে চলেছে বাংলাদেশের তালিবান সরকার।চিনে গবাদি পশুজাত পণ্য রফতানি বন্ধ হয়ে যাওয়ার ফলে বাংলাদেশ বড় আর্থিক ক্ষতির মুখে পড়তে চলেছে বলে জানা গিয়েছে। ২০২২ সালেই বাংলাদেশ থেকে চিনে ৭৫ মিলিয়ন ডলারের চামড়া ও চামড়াজাত পণ্য রফতানি করা হয়েছিল। চিনে রফতানি বন্ধ হওয়ায় বাংলাদেশ বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা আয়ের সুযোগ হারাল।এমনিতেই ভাঁড়ে মা ভবানীর দশা। আর্থিক সঙ্কট কাটাতে সুইৎজারল্যান্ডের দাভোসে বিশ্ব অর্থনৈতিক সম্মেলনে একাধিক পশ্চিমী দেশের কাছে আর্থিক অনুদান ভিক্ষা চেয়েছিলেন মোল্লা ইউনূস। কিন্তু কোনও দেশ বা দাতা সংস্থা জঙ্গি রাষ্ট্র বাংলাদেশকে আর্থিক সহায়তা দিতে রাজি হযনি।এক আন্তর্জাতিক বার্তা সংস্থা জানিয়েছে, 'ভেড়া ও ছাগলের গুটিবসন্ত এবং 'ফুট অ্যান্ড মাউথ' রোগ বিভিন্ন দেশে মহামারীর আকার নিয়েছে। ফলে বিশ্ব স্বাস্থ্য সংস্থার তরফে বিশেষ সতর্কতা জারি করা হয়েছে। যে সব দেশে ছাগল ও ভেড়ার গুটিবসন্ত শনাক্ত হয়েছে সেই সব দেশ থেকে গবাদি পশু ও গবাদি পশুর বিভিন্ন পণ্য আমদানি করার ক্ষেত্রে ঝুঁকি থাকছে বলে সতর্ক করা হয়েছিল। ওই সতর্ক বার্তার পরেই বাংলাদেশ-সহ বিশ্বের একাধিক দেশ থেকে ভেড়া, ছাগল, পোলট্রির মুরগি এবং দুই খুরযুক্ত প্রাণী আমদানি নিষিদ্ধ করেছে চিন। দেশটির শুল্ক প্রশাসন (জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন অব কাস্টমস) গত ২১ জানুয়ারি ওই নিষেধাজ্ঞা জারি করেছে। নিষেধাজ্ঞা জারি করতে গিয়ে চিনের জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন অব কাস্টমস বলেছে, প্রাণিদের স্বাস্থ্য সুরক্ষা এবং রোগের বিস্তার রোধ করতেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে। এই নিষেধাজ্ঞার ফলে সংশ্লিষ্ট দেশগুলো থেকে এসব প্রাণীর বাণিজ্যিক রফতানি বন্ধ থাকবে।' বাংলাদেশের পাশাপাশি ফিলিস্তিন, পাকিস্তান, আফগানিস্তান ও নেপাল থেকেও ভেড়া, ছাগল ও সংশ্লিষ্ট পণ্যের আমদানির উপরে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

# ফলের ওপর মাছি বসা বন্ধ করা সংক্রান্ত গবেষণা

**কলকাতা, ২৭ জানুয়ারি, ২০২৫**

টেফ্রিটাইডি প্রজাতির মাছি কৃষিকাজ এবং উদ্যানপালনের ক্ষেত্রে অত্যন্ত সমস্যার কারণ। এ ধরনের মাছি শুধু ফসলের ক্ষতিই করে না, খাদ্য সুরক্ষা ব্যবস্থাপনা এবং আন্তর্জাতিক বাণিজ্যেও বিরূপ প্রভাব বিস্তার করে। এই প্রজাতির মাছিকে নিয়ে পশ্চিমবঙ্গের দক্ষিণাঞ্চলের গবেষকরা কিছু পরীক্ষানিরীক্ষা চালান। বিভিন্ন ফসলে যেসব মাছি ক্ষতিসাধন করে তাদের নমুনা সংগ্রহ করেন গবেষকরা। এরপর, সেগুলির মাইটোকন্ড্রিয়াল সিওআই জিনের বিন্যাস নিয়ে পরীক্ষানিরীক্ষা শুরু করেন। গবেষকরা মাছিগুলির জিনের নিউক্লিওটাইড-এ ৩০টি অভিনব পরিবর্তনশীল স্থান চিহ্নিত করেছেন। সেখান থেকে ফসলের জন্য ক্ষতিকারক মাছিদের শনাক্ত করতে সুবিধা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত একটি প্রতিবেদন বিএমসি জেনোমিক্স-নামক একটি সাময়িকীতে প্রকাশিত হয়েছে। জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার নির্দেশক ডঃ ধৃতি বন্দ্যোপাধ্যায় এই গবেষণার গুরুত্বের কথা উল্লেখ করেছেন। তিনি বলেন, পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের ৭০ শতাংশ মানুষের জীবন ও জীবিকা কৃষি-নির্ভর। গাঙ্গেয় পশ্চিমবঙ্গে তাঁদের এই গবেষণা চালানোর ফলে ক্ষতিকারক মাছি চিহ্নিত করা সহজ হবে। ফলে, ফসলের ক্ষতি যেমন সহজেই আটকানো যাবে, পাশাপাশি অহেতুক রাসায়নিক কীটনাশক প্রয়োগের ওপর নিরিভরতাও কমবে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ মধুসুদন দাস জানান, জনসংখ্যা বৃদ্ধির কারণে স্বাস্থ্যকর খাবারের চাহিদাও ক্রমশ বাড়ছে। এক্ষেত্রে সুস্থায়ী কৃষিকাজের গুরুত্ব অপরিসীম। কৃষিকাজে ক্ষতিকারক মাছিদের প্রজাতিকে চিহ্নিত করতে পারলে রাসায়নিক কীটনাশকের অপব্যবহার রোধ করা যাবে এবং একইসঙ্গে জীববৈচিত্র্য রক্ষা করা সম্ভব হবে।

# ট্রাম্পের বিরুদ্ধে তদন্ত করা ১২ কর্মকর্তা বরখাস্ত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে তদন্তের সঙ্গে জড়িত একডজনেরও বেশি কর্মকর্তাকে বরখাস্ত করল যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ।

সোমবার বরখাস্ত হওয়া প্রত্যেক কর্মকর্তার কাছে গিয়েছে ভারপ্রাপ্ত অ্যাটর্নি জেনারেল জেমস ম্যাকহেনরির একটি চিঠি। তাতে বলা হয়েছে, ট্রাম্পের উদ্দেশ্যকে বিশ্বস্তভাবে বাস্তবায়িত করার প্রশ্নে তাদের আর 'বিশ্বাস' করা যাচ্ছে না। চিঠিতে লেখা হয়েছে, "প্রেসিডেন্ট ট্রাম্পের বিচারে আপনারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। আমাদের মনে হয় না, মার্কিন বিচার বিভাগ প্রেসিডেন্টের উদ্দেশ্যকে বিশ্বস্তভাবে বাস্তবায়িত করার প্রশ্নে আপনাদের উপর আর আস্থা রাখতে পারে।"

ট্রাম্পের বিরুদ্ধে সরকারি গোপন নথি সরানো এবং ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফল পাল্টে দেওয়ার অভিযোগ উঠেছিল। দুই মামলাতেই বরখাস্ত হওয়া কর্মকর্তারা প্রাক্তন স্পেশ্যাল কাউন্সেল জ্যাক স্মিথের নেতৃত্বাধীন তদন্তদলে যুক্ত ছিলেন। মনে করা হচ্ছে, সেই 'অপরাধেই' তাদের বরখাস্ত করা হয়েছে।

২০২২ সালে স্পেশ্যাল কাউন্সেল পদে নিযুক্ত হয়েছিলেন জ্যাক স্মিথ। তার উপরই ছিল ট্রাম্পের বিরুদ্ধে দায়ের হওয়া দুই মামলার তদন্তভার। পাল্টা হুমকি দিয়ে ট্রাম্পও বলেছিলেন, ক্ষমতায় এলে 'দুই সেকেন্ডের মধ্যেই' স্মিথকে সরিয়ে দেবেন তিনি। যদিও ট্রাম্পের শপথের আগেই পদ ছাড়েন স্মিথ। গত নভেম্বরে ট্রাম্প প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর বন্ধ হয়ে যায় তদন্তও। এবার সেই মামলার সঙ্গে যুক্ত অন্তত ১২ কর্মকর্তাকে বরখাস্ত করল ট্রাম্পের বিচার বিভাগ।

# সিনেমার খবর

## ‘ইমার্জেন্সি’তে বাধা, রেগে আগুন কঙ্গনা, দিলেন হুঙ্কার



কঙ্গনা রানাওয়াত

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত অভিনীত ছবি ‘ইমার্জেন্সি’ মুক্তির আগেই নানা বিতর্কের মুখে পড়েছে। প্রথমে সেন্সর বোর্ড থেকে বাধা আসে, এরপর ছবিটি কিছু সম্প্রদায়ের অনুভূতিতে আঘাত হানার অভিযোগের সম্মুখীন হয়। এরপর, একটি ভারতীয় গণমাধ্যমে দাবি করা হয় যে, বাংলাদেশেও ছবিটি নিষিদ্ধ করা হয়েছে। রিপোর্ট অনুযায়ী, ভারত ও বাংলাদেশের মধ্যে চলমান উত্তেজনাপূর্ণ সম্পর্কের কারণে বাংলাদেশ সরকার ছবিটির মুক্তি বন্ধ করেছে। তবে পরে জানা যায়, এই খবরটি ভুল। আসলে ছবিটি বাংলাদেশে মুক্তির জন্য কোনো আবেদনই করা হয়নি।

এ সকল বিতর্ক নিয়েই গত ১৭ জানুয়ারি ভারতজুড়ে মুক্তি পায় কঙ্গনা রানাওয়াতের ‘ইমার্জেন্সি’। কিন্তু বিতর্ক এখনও অব্যাহত। ভারতের এক ধর্মীয় সম্প্রদায় সংগঠনের দাবি, এই ছবিতে বিকৃত করা হয়েছে ইতিহাসকে। যা শিখ সম্প্রদায়ের মানুষের মধ্যে ক্ষোভ ছড়াবে বলে দাবি তাদের। ফলে এই ছবি মুক্তির নিষেধাজ্ঞায় পাঞ্জাবের সরকার প্রধানকে চিঠি দেয়া হয়েছে সংগঠনের পক্ষ থেকে। এমতাবস্থায় বিশেষ পদক্ষেপ নিয়েছে পাঞ্জাবের হল মালিকরা। তারা এই ছবি বন্ধের সিদ্ধান্ত নিয়েছে। আর সে প্রসঙ্গেই রেগে চড়াও হলেন ছবির অভিনেত্রী ও বিজেপি সাংসদ কঙ্গনা রানাওয়াত। তার মতে, এই বাধা শিল্পী ও শিল্পীকে হেনস্তা করা হচ্ছে।

সামাজিক মাধ্যমে দেয়া এক পোস্টে কঙ্গনা উল্লেখ করেন, 'একে বলে শিল্প ও শিল্পের হেনস্তা। পাঞ্জাবের বেশ কিছু শহরে ‘ইমার্জেন্সি’র প্রদর্শন হতে দেয়া হচ্ছে না। সব ধর্মের প্রতি আমার যথেষ্ট শ্রদ্ধা রয়েছে। এই ছবি ও আমার ভাবমূর্তিকে নষ্ট করার জন্য মিথ্যে গুজব রটানো হচ্ছে।' ভারতের সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সময় ১৯৭৫ সালে ভারতে জরুরি অবস্থা জারি হয়েছিল, যা রাজনৈতিকভাবে অস্থিতিশীল করে তুলেছিল ভারতকে। সে কাহিনিই উঠে এসেছে ‘ইমার্জেন্সি’তে। এছাড়াও ছবিতে দেখানো হয়েছে ইন্দিরা গান্ধী কীভাবে পাকিস্তানের বিরুদ্ধে বাংলাদেশকে মুক্তি যুদ্ধতে সাহায্য করেছিলেন।

উল্লেখ্য, ছবিতে ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর চরিত্রে অভিনয় করেছেন কঙ্গনা রানাওয়াত। সিনেমাটি পরিচালনা, চিত্রনাট্য এবং প্রযোজনা করেছেন অভিনেত্রী নিজেই।

## বচ্চনপুত্র হয়েও অর্থকষ্ট, ছিলো না পোশাক কেনার টাকা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বলিউডের তারকা দম্পতি অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রায় বচ্চনের বিচ্ছেদ নিয়ে প্রায় এক বছর ধরে জল্পনার শেষ নেই। কয়েকদিন পর পর আসছে নতুন নতুন খবর। তবে নিজের সংসার ভাঙার গুঞ্জনে টু-শব্দও করছেন না তারা। বিভিন্ন অনুষ্ঠানে গিয়ে বিচ্ছেদসহ ব্যক্তিগত জীবনের নানা বিষয়েও না প্রশ্নের মুখ পড়লেন অভিষেক। সম্প্রতি একটি অনুষ্ঠানে জীবনের লড়াই ও অর্থকষ্ট নিয়ে কথা বলেছেন বচ্চনপুত্র।

অভিনয় শুরুর আগে ব্যবসা শুরু করেছিলেন অভিষেক বচ্চন। কিন্তু ব্যবসায় বিশেষ সুবিধা করতে পারেননি তিনি। ব্যর্থ হয়েছেন বার বার।



আমেরিকায় পড়াশোনা করতে গিয়েছিলেন অভিষেক। সেই সময় অর্থকষ্টে ভুগছিলেন অমিতাভ বচ্চন। শুধুমাত্র বাবার পাশে দাঁড়ানো ও তাকে সাহস দেওয়ার জন্য পড়াশোনা ফেলে রেখে মুম্বাইয়ে চলে এসেছিলেন অভিষেক। তখনও জানতেন না ভবিষ্যতে কী করবেন তিনি। অভিনয় কেরিয়ারের শুরুতে বেশ কিছু ছবিতে পরিচালকের সহকারী হিসাবেও কাজ করেছিলেন তিনি।

এর আগে এক সাক্ষাৎকারে অভিষেক জানান, তার কাছে নতুন জামাকাপড় কেনার মতোও টাকা ছিল না। একটি অ্যাওয়ার্ড শোয়ে পুরস্কার নিতে উঠেছিলেন পুরোনো শেরওয়ানি পরে।

এ প্রসঙ্গে অভিষেকের ভাষ্য, 'আমার কাছে তখন কোনও টাকা ছিল না। এ দিকে যে অ্যাওয়ার্ড শোয়ে আমার যাওয়ার কথা সেখানে জিনস-শার্ট পরা চলবে না। কিন্তু আমার কাছে নতুন পাঞ্জাবি, শেরওয়ানি কেনার টাকাও ছিল না। তাই বাধ্য হয়ে বোনের বিয়ের সময় যে শেরওয়ানি কেনা হয়েছিল সেটা পরেই চলে গিয়েছিলাম।'

## ‘মুম্বাই অনিরাপদ’, সাইফের কথা বলতে গিয়ে মেজাজ হারালেন জ্যাকি শ্রফ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সাইফ আলীর ওপর হামলার বিষয় নিয়ে কথা বলার সময় সংবাদমাধ্যমের উপর মেজাজ হারালেন জ্যাকি শ্রফ। বর্ষীয়ান অভিনেতা বলেন, ‘এই ঘটনা যে হৃদয়বিদারক তা নিয়ে কোনও সন্দেহ নেই।’

জ্যাকির কথায়, ‘ এই ঘটনায় মানে এটা না যে পুরো মুম্বাই শহর আর নিরাপদ নয়। এবার থেকে তারকাদের নিজের ও তাদের পরিবারের নিরাপত্তার বিষয়ে আরও কঠোর হওয়া প্রয়োজন।’

প্রসঙ্গত, বিপদ কেটে গেছে, দ্রুত সেরে উঠছেন বলিউড অভিনেতা সাইফ আলী খান। তিনি বর্তমানে মুম্বাইয়ের লীলাবতী হাসপাতালে তিনি চিকিৎসাধীন রয়েছেন।

এদিকে, সাইফের হামলাকারী গ্রেপ্তার হওয়ার পরই হাসপাতালে যান কারিনা কাপুর। সঙ্গে ছিল তার দুই ছেলে তৈমুর ও জেহ। দুই সন্তানকে দেখভালের লোকজনও ছিলেন সঙ্গে। নতুন করে যাতে কোনও অপ্রীতিকর ঘটনা না ঘটে তাই কাপুর পরিবারের নিরাপত্তা আরও জোরদার করা হয়।

# ভারতের ব্যাটসম্যানদের সামনে পাকিস্তান পাত্তাই পাবে না : রায়না

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**


চ্যাম্পিয়ন্স ট্রফির শিরোপার সঙ্গে সুরেশ রায়না। তার ফেসবুক থেকে নেওয়া

চ্যাম্পিয়ন্স ট্রফি ঘিরে জমে উঠেছে কথার লড়াই। টুর্নামেন্টে মুখোমুখি লড়াইয়ে পাকিস্তান এগিয়ে থাকলেও, ভারত টি-টোয়েন্টির বর্তমান চ্যাম্পিয়ন।

টিম ইন্ডিয়ার ওয়ার্ল্ড ক্লাস ব্যাটসম্যানদের সামনে পাকিস্তান পাত্তাই পাবে না। তাই রোহিত শর্মার দলকে ছোট করে দেখার কিছুই নেই বলে মন্তব্য করেছেন বিশ্বকাপজয়ী সাবেক ক্রিকেটার সুরেশ রায়না। আসন্ন টুর্নামেন্টে ভারতকেই শিরোপার বড় দাবিদার মনে করেন তিনি।

আইসিসি ইভেন্টে ভারত-পাকিস্তানের দ্বৈরথে বরাবরই দাপট থাকে টিম ইন্ডিয়ার। ওয়ানডে বিশ্বকাপে মুখোমুখি আট ম্যাচের সবকটিতেই জয় পেয়েছে মেন ইন ব্লু। টি-টোয়েন্টিতেও ভারতেরই আধিপত্য। ৬ জয় আছে ভারতের আর একটি ম্যাচ জিতেছে মেন ইন গ্রীন।

তবে, চ্যাম্পিয়ন্স ট্রফিতে পাল্লাটা ভারী পাকিস্তানের দিকে। চ্যাম্পিয়ন্স ট্রফিতে পাকিস্তানের আছে তিন জয়, বিপরীতে দুই ম্যাচ জয় পেয়েছে ভারত। ২০১৭'তে একপেশে ফাইনালে ভারতকে হারিয়ে আইসিসি ইভেন্ট জয়ের বৃত্ত পূরণ করে পাকিস্তান।

তবে, চ্যাম্পিয়ন্স ট্রফির সেই সমীকরণ এক পাশে রেখে পাকিস্তানকে হুঁশিয়ারি দিয়ে রাখলেন ভারতের সাবেক ক্রিকেটার সুরেশ রায়না। ২০১৭'তে পাকিস্তান চ্যাম্পিয়ন্স ট্রফি জিতলেও, ভারত টি-টোয়েন্টির বর্তমান বিশ্ব চ্যাম্পিয়ন। সেটা যেন পাকিস্তান ভুলে না যায় তা আরও একবার মনে করিয়ে দিলেন বিশ্বকাপজয়ী ক্রিকেটার।

ভারতের সাবেক ক্রিকেটার সুরেশ রায়না বলেন, 'পাকিস্তান হয়তো ২০১৭'তে চ্যাম্পিয়ন্স ট্রফি জিতেছে, কিন্তু তাদের মনে রাখা উচিত যে ভারত বিশ্বকাপজয়ী দল। আইসিসির টুর্নামেন্টগুলোতে জয়ের পাল্লা ভারতেরই ভারী।'

এদিকে, ভারত-পাকিস্তান ম্যাচে নিজেদের সক্ষমতা নিয়েও কথা বলেন রায়না। ভারতের ওয়ার্ল্ড ক্লাস ব্যাটাররা যেকোনো পরিস্থিতিতে পাকিস্তানকে হারাতে পারবে বলে বিশ্বাস রায়নার।

সুরেশ রায়না বলেন, 'যখনই ভারত-পাকিস্তান ম্যাচ অনুষ্ঠিত হয়, চাপটা পাকিস্তানের ওপরই বেশি থাকে। ভারতের খেলোয়াড়রা জানে কীভাবে সেই চাপ সামলাতে হয়। রোহিত শর্মা এবং বিরাট কোহলিও ভালো করেই জানেন সেটা। বিরাট একজন অভিজ্ঞ ব্যাটার, তিনি জানেন কীভাবে পাকিস্তানকে মোকাবেলা করতে হয়।'

# চ্যাম্পিয়ন্স ট্রফিতে কুটসিয়াকে নিয়েও জাগল শঙ্কা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

দক্ষিণ আফ্রিকার পেস বোলিং বিভাগে ধাক্কা লাগল আরেকটি। হ্যামস্ট্রিংয়ের চোটে চলমান এসএ টোয়েন্টি থেকে ছিটকে গেলেন পেসার জেরল্ড কুটসিয়া, যাকে চ্যাম্পিয়ন্স ট্রফির দলে আনরিখ নরকিয়ার বদলি হিসেবে ভাবা হচ্ছে।

সদ্যয় চোট কাটিয়ে ফিরেছিলেন কুটসিয়া। গত নভেম্বরে শ্রীলঙ্কার বিপক্ষে টেস্টে কুঁচকিতে চোট পাওয়ায় ডিসেম্বরে পাকিস্তানের বিপক্ষে সিরিজে তিনি খেলতে পারেননি। গত মঙ্গলবার এসএ টোয়েন্টিতে জোবার্গ সুপার কিংসের হয়ে ডারবান সুপার জায়ান্টসের বিপক্ষে ম্যাচ দিয়ে মাঠে ফেরেন ২৪ বছর বয়সী ক্রিকেটার। কিন্তু হ্যামস্ট্রিংয়ের চোটে বৃহস্পতিবার প্রিটোরিয়া ক্যাপিটালসের বিপক্ষে তিনি খেলতে পারেননি।

ক্রিকেট দক্ষিণ আফ্রিকা (সিএসএ) এক বিবৃতি দিয়ে এসএ টোয়েন্টির বাকি অংশ থেকে তার ছিটকে পড়ার কথা জানিয়েছে। একই সঙ্গে বিবৃতিতে বলা হয়েছে, কুটসিয়া চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য ‘দলে নির্বাচনের দৌড়ে আছেন’ এবং তার অন্তর্ভুক্তির বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে। আইসিসিতে চূড়ান্ত দল জমা দেওয়ার শেষ দিন ১১ ফেব্রুয়ারি।

পাকিস্তান ও সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠেয় চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য গত সোমবার ১৫ সদস্যের দল ঘোষণা করে দক্ষিণ আফ্রিকা (সিএসএ)। কিন্তু পিঠের চোটে একদিন পরই দল থেকে ছিটকে পড়েন নরকিয়া।

দল ঘোষণার পরই দক্ষিণ আফ্রিকার সাদা বলের কোচ রব ওয়াল্টার বলেছিলেন, চ্যাম্পিয়ন্স ট্রফির বিবেচনায় ছিলেন কুটসিয়া কিন্তু অভিজ্ঞতা বিবেচনায় নরকিয়াকে বেছে নেন তারা। শুরুর আগেই নরকিয়ার চ্যাম্পিয়ন্স ট্রফি শেষ হয়ে যাওয়ার পর এবার কুটসিয়াকে নিয়েও জাগল শঙ্কা। তাই আরও বিকল্প নিয়ে এখন ভাবতে হবে দক্ষিণ আফ্রিকাকে।

# ৪ গোলে শিরোপার দৌড়ে এগিয়ে রিয়াল মাদ্রিদ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**


এই জয়ে ২০ ম্যাচে ৪৬ পয়েন্ট নিয়ে শীর্ষে উঠল রিয়াল।

দুর্দান্ত প্রতাপ নিয়ে খেলার মাঠে প্রত্যাবর্তন রিয়াল মাদ্রিদের। একে একে চার গোল প্রতিপক্ষ লাস পালমাসের জালে। তিনটা গোল অফসাইড না হলে সে সংখ্যা দাঁড়াত সাতের ঘরে।

হ্যাটট্রিক হতে পারতো কিলিয়ান এমবাপের। ম্যাচটা অবশ্য ফ্রেঞ্চ তারকা শেষ করেছেন ২ গোল নিয়ে।

প্রথম মিনিটে গোল পেয়ে গিয়েছিল লাস পালমাস। ১১ পাসের সুবাদে মাত্র ২৭ সেকেন্ডে গোল করে বসেন ফ্যাবিও সিলভা। তবে সেটা টিকলো কেবল ১৮ মিনিট। স্পটকিকে রিয়ালকে সমতায় ফেরান এমবাপে। এরপর ১৮ মিনিটের বিরতি দিয়ে এমবাপে পেলেন নিজের দ্বিতীয় গোল। দারুণ এক ফিনিশে বল জালে জড়ান তিনি।

যদিও এর মিনিট তিনেক আগেই রিয়াল পেয়েছিল নিজেদের দ্বিতীয় গোল। লুকাস ভাস্কেজের পাস থেকে গোল করেন ব্রাহিম দিয়াজ। প্রথমার্ধে রিয়াল মাদ্রিদ শেষ করে ৩-১ গোলে এগিয়ে থেকে। অবশ্য ৪২ মিনিটে রদ্রিগোর পাস থেকে কিলিয়ান এমবাপের গোলটি ভিএআর রিভিউয়ে বাতিল না হলে হ্যাটট্রিক করেই ফেলতেন এমবাপে। রিয়ালও বাড়াতে পারতো লিড।

বিরতির পর ৫৭ মিনিটে গার্সিয়ার পাস থেকে গোল করেন রদ্রিগো গোজ। পরে ৭৩ মিনিটে জ্যুড বেলিংহাম এবং ৮৬ মিনিটে ফেদে ভালভার্দের গোল বাতিল হলে রিয়ালের ব্যবধান ৪-১ই থেকে যায় ম্যাচের শেষ পর্যন্ত। ম্যাচের ৬৪ মিনিটে লাস পালমাস ১০ জনের দলে পরিণত হলেও রিয়াল আর নিজেদের গোলের ট্যালি বাড়াতে পারেনি।

এই জয়ে ২০ ম্যাচে ৪৬ পয়েন্ট নিয়ে শীর্ষে উঠল রিয়াল। সমান ম্যাচে ৪৪ পয়েন্ট নিয়ে দুইয়ে আতলেতিকো মাদ্রিদ। ৩৯ পয়েন্ট নিয়ে তালিকার তিনে আছে বার্সেলোনা।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR